দৈনিক খবর

তারিখ 08 MAR 1993
পৃষ্ঠা ৬ কলাম ৭

### ১২ জন ছাত্র নেতার মুক্তি দাবী

# ভিসির পদত্যাগ দাবীতে ইসলামী বিশ্ববিদ্যালয়ে সর্বদলীয় ছাত্র সমাবেশ

কুষ্টিয়া ব্যুরো ঃ জামায়াত-শিবিরের সন্ত্রাসীদের অবিলম্বে গ্রেফতার, ভিসি আবদুল হামিদের অপসারণ ও ১২ জন ছাত্র নেতার মুক্তির দাবীতে গতকাল রোববার ইসলামী বিশ্ববিদ্যালয়ের সর্বদলীয় ছাত্র ঐক্যের উদ্যোগে প্রশাসনিক ভবনের সামনে এক বিশাল সমাবেশ অনুষ্ঠিত হয়।

উক্ত সমাবেশে সভাপতিত্ব করেন ছাত্রমৈত্রী নেতা আবদুর রশিদ বকুল এবং অনুষ্ঠানে বক্তব্য রাখেন ছাত্রদল নেতা জগলুল হায়দার, মোহাম্মদ আলী, হুমায়ুন কবীর লিটন, ছাত্রলীগ নেতা খ ইকবাল মাহমুদ, আলমগীর হোসেন খান, ছাত্রলীগ (বা-ক) আবু জাফর দুলাল, ছাত্র ফ্রন্টের নাজমুল ইসলাম শাহীন ও ছাত্রমৈত্রীর নেতা মকছেদ আহম্মেদ মনি। সভায় ইসলামী বিশ্ববিদ্যালয়কে জামায়াত-শিবির চক্রের হাত থেকে রক্ষা করতে এলাকাবাসীকে ঐক্যবদ্ধভাবে সন্ত্রাসী মৌলবাদী চক্রের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার আহবান জানানো হয়।

উল্লেখ্য, ছাত্র ঐক্যের সমাবেশ চলাকালীন সময়ে ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রোক্টর মোশাররফ হোসেন শিবিরের সন্ত্রাসীদের হাতে লাঞ্ছিত হয়েছেন।